

# স্কুল ব্যাংকিং

(আর্থিক সাক্ষরতা কর্মসূচি)

পরিচালনায়: আইএফআইসি ব্যাংক  
সার্বিক তত্ত্বাবধানে: বাংলাদেশ ব্যাংক



## স্কুল ব্যাংকিং হিসাব

### স্কুল ব্যাংকিং কি?

শৈশব থেকেই সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা ও আধুনিক ব্যাংকিং প্রযুক্তির সাথে ছাত্র-ছাত্রীদের পরিচিত করানোর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের জন্য স্কুল ব্যাংকিং অনুমোদন করে যা স্কুল ব্যাংকিং নামে পরিচিত।

২০২২ জুলাই পর্যন্ত মোট স্কুল ব্যাংকিং একাউন্ট প্রায় ৩২ লাখ এবং মোট আমানত প্রায় ২ হাজার ৩০০ কোটি টাকা।

### স্কুল ব্যাংকিংয়ের সুবিধা

- ✓ বৃত্তি/উপবৃত্তির টাকা গ্রহণ করা যাবে;
- ✓ জমানো টাকা নিরাপদে থাকবে;
- ✓ ছোটবেলা থেকেই সঞ্চয়ের অভ্যাস গড়ে উঠবে;
- ✓ এটিএম কার্ড ব্যবহারের মাধ্যমে এটিএম বুথ থেকে টাকা তোলা যাবে;
- ✓ ঝামেলাহীন উপায়ে স্কুলের বেতন /ফি পরিশোধ করা যাবে;
- ✓ শিক্ষাবীমা সুবিধা গ্রহণ করা যাবে;
- ✓ প্রয়োজনে ঋণ সুবিধাও গ্রহণ করা যাবে ইত্যাদি।



## স্কুল ব্যাংকিং আমানত তুলে বাপের সংসারে

■ মুরাদ মজুমদার

রাজধানীর একটি সরকারি স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী জান্নাতুল ফেরদৌস। বাবা-মায়ের সঙ্গে মগবাজার এলাকায় বসবাস তার। শিক্ষা বিষয়ক দেশের একমাত্র ডিজিটাল পত্রিকা দৈনিক শিক্ষাডটকম-এ মোবাইল ব্যাংকিং নিয়ে লেখা পড়ে ব্যাংকিংয়ে আগ্রহ জাগে এই কিশোরীর। সেই আগ্রহ থেকেই একটি বেসরকারি ব্যাংকের স্কুল ব্যাংকিং শাখায় হিসাব খোলেন তিনি।

বাবা একটি বেসরকারি হাইস্কুলের ননএমপিও শিক্ষক। মা গৃহিণী। টিফিনের অর্থ ও স্বজনদের দেওয়া সালামি থেকে ওই ব্যাংক হিসাবে তিনি প্রায় ৩৫ হাজার টাকা জমিয়েছিলেন। কিন্তু উচ্চ মূল্যস্ফীতির প্রভাবে টিফিনের অর্থ কমিয়ে দিয়েছে পরিবার। তাই নতুন করে টাকা জমাতে পারেননি তিনি। উল্টো সংসারের খরচ চালাতে হিমশিম খাওয়া বাবাকে গেলো বছরের নভেম্বরে তিনি ব্যাংকে জমানো টাকাও তুলে দিয়েছেন। এতে সমস্যা থেকে সাময়িকভাবে মুক্তি পেয়েছেন তার বাবা হাবিবুর রহমান।

এ বিষয়ে জানতে চাইলে হাবিবুর রহমান বলেন, আমি একজন ননএমপিও শিক্ষক। দ্রব্যমূল্য কিছুটা স্বাভাবিক থাকা অবস্থায় এই টাকা দিয়েই সংসার ভালোভাবে চলত। কিন্তু

২-এর পাতায় দেখুন

# স্কুল ব্যাংকিং হিসাব



কোন চার্জ বা ফি নেই

ফ্রি এটিএম কার্ড

আইএআইসি ব্যাংকের এটিএম কার্ড দিয়ে সারাদেশের যেকোনো এটিএম বুথ থেকে ফ্রি-তে টাকা তোলা যাবে



স্কুল ব্যাংকিং হিসাব খুলতে  
কি কি প্রয়োজন?

- ✓ ছাত্র-ছাত্রী ও বাবা-মা কিংবা আইনত অভিভাবক প্রত্যেকের ০২ কপি করে পাসপোর্ট সাইজের ছবি।
- ✓ জন্মনিবন্ধন সনদ বা স্কুল প্রদত্ত আইডি কার্ডের ফটোকপি কিংবা অন্য গ্রহণযোগ্য সার্টিফিকেট।
- ✓ বাবা-মা কিংবা আইনত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, কিংবা ছবিযুক্ত অন্য যে কোন ডকুমেন্ট।
- ✓ হিসাব খুলে প্রাথমিকভাবে জমা দেওয়ার জন্যে মাত্র ১০০ টাকা।

ধন্যবাদ